# দিনাজপুর জুবিলী উচ্চ বিদ্যালয়

অনলাইন অর্ধবার্ষিক পরীক্ষা-২০২০

**শ্রেণি ঃ ৯ম**

**বিষয় ঃ ইসলাম ও নৈতিক শিক্ষা (সৃজনশীল)**

| বিষয় কোড | | |
|---|---|---|
| ১ | ১ | ১ |

সময়---- ২ ঘন্টা ৩০ মিনিট

**পূর্ণমান---- ৭০**

[বিশেষ দ্রষ্টব্যঃ---- ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচে উল্লিখিত উদ্দীপকগুলো মনোযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোন ৭টি প্রশ্নের উত্তর দাও।]

১। ইমন আধুনিক শিক্ষায় উচ্চ শিক্ষিত হলেও তার কর্তাবার্তা ও আচার আচরণে পিতা-মাতা প্রতিবেশী কেউ সন্তোষতৃ নয়। তার চালচলন উঠাবসা, লেনদেন সবকিছুই আপত্তিকর। অপরদিকে তার ছোট ভাই সুমন খুব বেশী শিক্ষিত নয় তবে তার আচার ব্যবহার সততা, সদাচারণ, মিষ্টি কথায় পিতা-মাতাসহ প্রতিবেশীর সকলেই মুগ্ধ।

ক) ইবাদত কত প্রকার? ১

খ) হাক্কুল ইবাদ বলতে কী বুঝায়? ২

গ) ইমন এর শিক্ষায় কোন দিকটির অভাব রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ) সুমনের এরুপ আচরণ ইসলামের আলোকে মূল্যায়ন কর। ৪

২। প্রতিদিনে বিদ্যালয়ের মাঠে টিফিন প্রিরিয়ডে শিক্ষার্থীরা খেলাধুলা করে থাকেন। কিছু শিক্ষার্থী মৌলভী স্যারে সঙ্গে মসজিদে গিয়ে নামাজ পড়েন। বিষয়টি মৌলভী স্যার জানার পর সকলকে নিয়ে আলোচনা করে বলেন খেলাধুলার সময় খেলাধুলা করা ভালো, তবে তোমরা কি জানো মহান আল্লাহ পবিত্র কুরআনে বলেন, "নিশ্চয় সালাত মানুষকে অশ্লীল ও খারাপ কাজ থেকে বিরত রাখে।"

ক) ইকামাতুস সালাত কী? ১

খ) জামাআতে সালাত আদায়ের একটি ফজিলত ব্যাখ্যা কর। ২

গ) মৌলভী স্যার কীভাবে সকলকে নামাজের জামাতে আতে উদ্বুদ্ধ করতে করতে পারতেন? ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকের আয়াতটির তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

৩। জনাব রোস্তম একজন ধনী ব্যক্তি। তিনি নিয়মিত দান খয়রাত করেন। কিন্তু সম্পদের সঠিক হিসাব নিকাশ করে যাকাত দেন না। তার চাচা একজন বিজ্ঞ আলেম বিষয়টি জানার পর রোস্তমকে যাকাত ফরয হওয়ার শর্ত যাকাতের মাসয়ালা-মাসারিল এবং যাকাতের আর্থ সামাজিক গুরুত্ব ও তাৎপর্য বুঝিয়ে বলেন।

ক) নিসাব কী? ১

খ) যাকাতদানের মুল উদ্দেশ্য ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকের ইবাদত পালনের মাধ্যমে রোস্তম কী কী সামাজিক শিক্ষা লাভ করতে পারেন। ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকের আলোচিত ইবাদতের অর্থনৈতিক গুরুত্ব ও তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

৪। ইলা ও শিলা দুই বোন স্কুলে পড়ে। ইলা সবসময় শিক্ষকগণের আদেশ-নিষেধ মেনে চলে। তাঁদের সাথে ভদ্রাচিত আচরণ করে। নিয়মিত শ্রেণিতে উপস্থিত থাকে। আর অন্যদিকে শিলা নিয়মিত স্কুলে যায় না। শিক্ষকদের আদেশ-নিষেধ মানে না। ক্ষিকদের সম্মান করে না। এমন কি সহপাঠীদের সঙ্গেও সে সুসম্পর্ক বজায় রাখে না।

ক) ইলম কোন ভাষার শব্দ? ১

খ) শিক্ষার্থী বলতে কী বুঝো? ২

গ) ইলার আচরণে কিসের বহিঃপ্রকাশ ঘটছে? ব্যাখ্যা কর। ৩

ঘ) শিলার আচরণ কিসের পরিপন্থী? তার কী করা উচিত ব্যাখ্যা কর। ৪

৫। মিরান খুব ভদ্র ছেলে। একদিন শহরের কিছু বখাটে ছেলে তাকে অযথা মারপিট করে। এ ঘটনা দেখে ইমরান বখাটেদের হাত থেকে মিরানকে রক্ষা করে। উভয়ের মধ্যে সমঝোতার চেষ্টা করে। এ প্রসঙ্গে সে মহানবি (স) এর বাণী উল্লেখ করে বলেন, "কোন মুসলমান অপর মুসলমানের ওপর যুলুম করতে পারে না।"

ক) সনদ কী? ১

খ) সিহাত সিত্তাহ বলিতে কি বুঝো? ২

গ) ইমরান কীভাবে বখাটে ছেলেদের আদর্শবান করতে পারে? বুঝিয়ে লেখ। ৩

ঘ) ইমরানের কাজটি সামাজিক শৃঙ্খলা বিধানে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে-বিশ্লেষণ কর। ৪

৬। আবুবকর একজন ব্যবসায়ী। তিনি ইসলামের যথারীতি নিয়মকানুন মেনে জীবনযাপন করেন। কিন্তু হঠাৎ করে তার ব্যবসা বন্ধ হয়ে যায়। তিনি অর্থনৈতিকভাবে দুর্বল হয়ে পড়েন। কিন্তু আশ্চর্যের বিষয় হলো তিনি আর্থিকভাবে দুর্বল হলেও তার মধ্যে কোন প্রকার হতাশা নেই বরং পূর্বের মতোই ইসলামের নিয়ম কানুন মেনে চলছেন।

ক) ব্যবসায়ে আল্লাহ কি বলেছেন? ১
খ) কিয়াস কখন প্রয়োজন? ২
গ) আবুবকরের আচরণ দ্বারা কিসের বহিঃপ্রকাশ ঘটেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ) উদ্দীপকের আবু বকরের মাঝে যে গুণটি লক্ষ্য করা যায় সেটি একজন মুমিন ব্যক্তির জীবনে তার গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৭। রনি, জনি ও মনি তিন জনই ৯ম শ্রেণীর শিক্ষার্থী। রনি, জনির অবর্তমানে মনিকে বলিতেছে-তুমি কি জানো? জনি কত খারাপ ছেলে। মনি তৎক্ষনাত বলে হ্যাঁ তুমি ঠিকই বলছো ওতো আমার কাছে ৫০ টাকা নিয়ে অস্বীকার করে।

ক) আখলাকে হামিদা অর্থ কী? ১
খ) ওয়াদা পালন করা মুমিনের বৈশিষ্ট্য ব্যাখ্যা কর। ২
গ) জনির কাজটি কিরূপ ব্যাখ্যা কর। ৩
ঘ) জনি তার কাজের জন্য অবশ্যই শাস্তিপ্রাপ্ত হবে-ব্যাখ্যা কর। ৪

৮। রফিক ও শফিক দুই বন্ধু। রফিকের নিকট একজন দরিদ্র লোক দৈনিক ১০ টাকা করে জমা করেন। কিছুদিন পর লোকটি তার টাকা ফেরৎ চাইলে সঙ্গে, সঙ্গে তার দেওয়া টাকাগুলো ফেরৎ দেন। অপরদিকে শফিক তার প্রতিবেশী সাদিক দীর্ঘদিন অসুস্থ। তাই সাদিককে নিয়ে শফিক হাসপাতালে ভর্তি করে দেন।

ক) সুদ এর আরবি প্রতিশব্দ কী? ১
খ) আমানত কী বুঝে লেখ? ২
গ) ''রফিকের কাজ কিসের অন্তর ভূক্ত''-ব্যাখ্যা কর। ৩
ঘ) শফিক এর কাজের ফলাফল কুরআন ও হাদিসের আলোকে মূল্যায়ন কর। ৪

৯। মশিউর ঢাকায় একটি বড় কোম্পানিতে চাকুরী করেন। সে সবসময় ইসলামের বিধান অনুযায়ী চলাফেরা কথাবার্তায় বেশ মার্জিত। মশিউরের ছোট বোন ঈদে নতুন পোশাক আনার জন্য বলে, আমার জন্য এবার ঈদে গেঞ্জি ও জিন্সপ্যান্ট আনবে। মশিউর তার ছোট বোনকে বলে মেয়েদের জন্য ঐ পোশাকগুলো পড়া ঠিক না। ঐ সকল পোশাকের কারণে মেয়েদেরকে অনেক সময়, ইভটিজিং ও ব্যভিচারের স্বীকার হন। ইসলামের বিধান অনুযায়ী জীবনযাপন করাই উত্তম। মশিউর মহানবি (স.) এর একটি হাদিসের বাণি শোনান-''অশ্লীলতা যে কোনো জিনিসকে খারাপ করে এবং লজ্জাহীনতা যে কোনো জিনিসকে সৌন্দর্যমন্ডিত করে।''

ক) শালীনতা কী? ১
খ) সত্যবাদিতা বলিতে কী বুঝো? ২
গ) সামাজিক অবক্ষয়ের হাত থেকে রক্ষা পেতে আমরা উদ্দীপকের কাকে অনুসরণ করতে পারি-ব্যাখ্যা কর। ৩
ঘ) ''অশ্লীলতা যে কোনো জিনিসকে খারাপ করে এবং লজ্জাশীলতা যে কোনো জিনিসকে সৌন্দর্যমন্ডিত করে''-হাদিসটির তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

১০। মসলেমা বিবাহের আগে থেকে একটি চাকুরী করতেন। বিবাহের পরে তার শ্বশুর বাড়ীতে এটি পছন্দ করত না। তাকে চাকুরী ছেড়ে দেওয়ার জন্য বার বার বলতে শুরু করে। একদিন তাদের বাড়ীতে মসজিদের ইমাম সাহেব আসলে বিষয়টি ইমাম সাহেবকে তার শ্বশুর জানান। ইমাম সাহেব বলল, ইসলাম নারীদেরকে পর্দা রক্ষা করে এসব সামাজিক কাজ করার অনুমতি দিয়েছে। তিনি আরোও বলেন ইসলাম নারীদেরকে ন্যায্য অধিকার ও পূর্ণমর্যাদা দিয়েছে।

ক) ভ্রাতৃত্ববোধ কী? ১
খ) ইসলাম আর্বিভাবের পূর্বে আরব দেশে নারীদের অবস্থা কি ছিল? বর্ণনা কর। ২
গ) উদ্দীপকে উল্লেখিত মসলেমার শ্বশুর বাড়ী লোকদের মনোভাবটি কিরূপ? ব্যাখ্যা কর। ৩
ঘ) তুমি কী মনেকর ইসলাম সাহেবের কথাগুলো সঠিক? যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

১১। আশিক সাহেব একজন সরকারী কর্মকর্তা। কিন্তু সে অফিসের কাজগুলো সঠিকভাবে পালন করেন না। তিনি প্রায় অফিসে দেরীতে যান এবং আগেই চলে আসেন। বাড়ীতে পরিবারের ছেলে মেয়েদের সঠিকভাবে খোজ খবর রাখেন না। তার ছেলে মেয়েরা নিয়মিত স্কুলে যায় না চেনেও তিনি কিছু বলেন না।

ক) মানব জীবন সফলতা লাভের প্রধান হাতিয়ার কী? ১
খ) কর্তব্যপরায়ণতা বলিতে কী বুঝো? ২
গ) আশিক সাহেবের চরিত্রে কিসের অভাব ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ) আশিক সাহেবের এই আচরণ পরিবর্তনে স্ত্রীর করণীয় কী বলে তোমার মনে হয়? বিশ্লেষণ কর। ৪